আলমডাঙ্গার বেলগাছি ইউনিয়ন বিএনপির মতবিনিময় সভায় শরিফুজ্জামান শরীফ

আলমডাঙ্গার বেলগাছি ইউনিয়ন বিএনপির উদ্যোগে মত বিনিময় সভা অনুণ্ঠিত হয়েছে। ছাত্র জনতার উপর গুলি চালিয়ে গণহত্যাকারী খুনি হাসিনাসহ তার দোসরদের বিচারের দাবীতে গতকাল বুধবার বেলগাছি মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচীব শরিফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে শরিফুজ্জামান শরীফ বলেন, এই আন্দোলনে যারা শহীদ হয়েছে, তাদের আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। সংগ্রামী সাথী বন্ধগণ আজকে আমাদের বাংলাদেশ দ্বিতীয়বার স্বাধীন হয়েছে। এই দ্বিতীয়বার স্বাধীন হওয়ার ভেতর দিয়ে আমাদের যে শিক্ষা হয়েছে, আমরা যে অভিজ্ঞতা অর্জন করেছি। সে অভিজ্ঞতার আলোকে আমাদের আগামী দিনের বাংলাদেশ গড়ে তুলতে হবে। আগামী দিনের বাংলাদেশ গড়ে তুলতে আমাদের সবচেয়ে বেশি যেটা প্রয়োজন সেটা হলো আওয়ামী লীগ যা করেছে, আমরা তা করবো না। আমাদের বিএনপির নেতৃবৃন্দ যদি আওয়ামী লীগ যা করেছে, সেটা করে তাহলে আওয়ামীলীগকে জনগণ যে কারণে প্রত্যাখান করেছে। আমাদের তা করবে। আমরা যেহেতু এই দেশকে ভালোবাসি, আমরা জনগণকে ভালোবাসি। আমাদের নেতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, আমাদের নেতা বেগম খালেদা জিয়া। তাঁদের নীতি আদর্শ, তাঁদের পথচলা আমরা অনুসরণ করে এই চুয়াডাঙ্গা জেলায় শহীদ জিয়ার আদর্শকে বাস্তবায়ন করার জন্য আমি রাজনীতি করতে চাই।

তিনি বলেন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ হোসেনের সভাপতিত্বে মত বিনিময় সভায় বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দার, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, কেন্দ্রীয় যুবদলের সাবেক নির্বাহী সদস্য এমদাদুল হক ডাবু, চুয়াডাঙ্গা পৌর বিএনপির সভাপতি সিরাজুল ইসলাম মনি, চুয়াডাঙ্গা সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিপটন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রদলের আহব্বায়ক জাহিদ হোসেন শুভ।

বেলগাছি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামাল হোসেনের পরিচালনায় আরও উপস্থিত ছিলেন বেলগাছি ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক শফিউজ্জামান, বেলগাছী ইউনিয়ন বিএনপির নেতা সলোক মিয়া, সমি, তপু, বোরাহান, লিটন, তারিকুল, সাহাংঙ্গীর বজলুর রহমান ও কিতাব উদ্দিন। বেলগাছী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি প্রান্ত, সাধারণ সম্পাদক নীরব, সহ-সভাপতি জীবন, যুগ্ন আহব্বায়ক নাজিম, সোহান, জিহাদ, মাহফুজ, রাসেল, জিল্লু জীম প্রমুখ।

আমি আপনাদের পাহারাদার হতে চায় কোটচাঁদপুর শোকরানা সমাবেশ মতিয়ার রহমান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ৭ সমন্বয়কের হাত ধরে ও বংপুরের পুলিশের গুলিতে শহীদ আবু সাঈদদের রক্তের বিনিময়ে এই দেশ নতুন করে স্বাধীন হয়েছে। শহীদের রক্ত বৃথা যেতে পারে না। বাংলাদেশ জামায়াতী ইসলামী কোটচাঁদপুর উপজেলা শাখার আয়োজনে শোকরানা সমাবেশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জামায়াতে ইসলামী কেন্দ্রীয় শুরা সদস্য ও জেলা নায়েবে আমীর ঝিনাইদহ-৩ আসনের মনোনীত প্রার্থী অধ্যাপক মতিয়ার রহমান।

তিনি আরো বলেন, এই বিজয় যেন কেউ ছিনিয়ে নিতে না পারে। সকলকে হানাহানি লুটপাট এবং আগুন সন্ত্রাস বন্ধ করতে অনুরোধ জানান এবং বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে যারা শাহাদৎ বরন করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করেন।

আজ শুক্রবার বিকেলে মেইন বাজার চত্বরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামী কোটচাঁদপুর উপজেলা শাখার আমীর মোঃ আজিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামী কেন্দ্রীয়

শুরা সদস্য ও জেলা সহকারী সেক্রেটারি অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ আব্দুল হাই, সাবেক উপজেলা চেয়ারম্যার মওলানা মোঃ তাজুল ইসলাম, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যার মোঃ মোয়াবিয়া হোসেন।

শোকরানা সমাবেশ সঞ্চলনা করেন জামায়াতে ইসলামী কোটচাঁদপুর উপজেলা শাখার সেক্রেটারি মোঃ শরিফুল ইসলাম। সে সময় শোকরানা সমাবেশ জামায়াতে ইসলামী, ইসলামি ছাত্র শিবির সহ বিভিন্ন দায়িত্ব শীল নেতা কর্মী উপস্থিত ছিলেন।

বর্ষ বিদায়

অন্তর বিদীর্ণ আজ, জীর্ণ ত্যানা
ছেঁড়া নোংরা লেপ কম্বল এ
মোড়ান দেহের শব টা।
কি অভিশপ্ত জীবন
গৃঢ় দণ্ডে দণ্ডিত, একটা অপেক্ষমান তারার ঝলক?
সামনে অভিষেক নতুনত্বের
পুরনো বর্ষের স্মৃতি বিজড়িত কালের কণ্ঠের ডাকে
উচ্ছল সাগরের বুকে নিমজ্জিত।
তরী ডুবে যায়,সন্ধ্যা নামে
রাত আসে
শুধু ডাস্টবিনে পড়ে রয়
স্মৃতিতে মোড়ানো হাড় কঙ্কাল। যার অস্থি পাঁজরে রন্ধ্রে রন্ধ্রে শোক বিহ্বলতার ছাপ!

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সমবায় দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি করা হয়। এরপর শুরু হয় সমবায় দিবস উপলক্ষে আলোচনা সভা। এসময় সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা সমবায় অফিসার কাজি বাবুল হোসেন। এরপর সমবায় দিবস উপলক্ষে উপস্থিতিদের সাথে এক আলোচনা করা হয়। আলোচনায় সমবায়ের কার্যক্রম ও সমবায় অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

এসময় সভায় উপস্থিত বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর হাত শক্তিশালি করলে সমবায় আরও শক্তিশালি হবে। বর্তমান মানুষের আস্থা এখন সমবায়। যেখানে গচ্ছিত করে টাকা রেখে স্বাবলম্বী হওয়া যায়। আজকের সমবায় আগামী দিনের ভবিষ্যৎত। ডিজিটাল বাংলাদেশ গড়তে সমবায়ের বিকল্প নেই। সমবায় গণমানুষের অর্থনেতিক দিক উন্নয়ন করছে। সমবায় এগিয়ে নিতে হলে সবাইকে পাশে থাকতে হবে। সবাই একজট হয়ে সমবায় কে এগিয়ে নিয়ে যায়। সমবায় একটি গুরুত্বপূর্ণ দিক। সমবায় মানুষের গুরুত্বপুর্ণ ভুমিকা রাখে। বিশেষ করে প্রান্তিক মানুষের একটি অংশ সমবায় ব্যাংক। বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়ন হচ্ছে সমবায়ের জন্য।

সভার শেষ পর্বে সফল সমবায় সমিতির কয়েকজনের মাঝে পুরস্কার বিতরণ করা হয় ও আশ্রয়ণ প্রক্লপের বাসিন্দার মধ্যে কয়েকজনের মাঝে সমবায়ের উদ্দ্যোগে চেক বিতরণ করা হয়।

সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা শামিম ভুইয়া, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহাফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা সংরক্ষিত মহিলা আসনের সাবেক সংসদ সদস্য শিরিন নাইম পুনম, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাসুদুর রহমান, সংরক্ষিত মহিলা ভাইস চেয়ারম্যান শাহাজাদী মিলি, প্রমুখ।

মুজিবনগরের মোনাখালীতে জাতীয় যুব দিবস পালিত

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর উদ্যোগে ও পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে মোনাখালী ইউনিয়নে

জাতীয় যুব দিবস-২০২৩ পালন উপলক্ষে আলোচনা সভা করা হয়েছে।

আজ বুধবার (০১ নভেম্বর) মোনাখালী সমৃদ্ধি শাখা অফিসে জাতীয় যুব দিবস-২০২৩ পালন উপলেক্ষ আলোচনা সভা করা হয়।

উক্ত আলোচনা সভা উপস্থিত ছিলেন মোনাখালী সমৃদ্ধি শাখার কর্মসূচী সমন্বয়কারী মোহাঃ হাসানুজ্জামান, ইউনিয়ন যুব কমিটির সভাপতি আক্তারুজ্জামান, ইউনিয়ন প্রবীন কমিটির সভাপতি আব্দুল মান্নান, বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন এছাড়াও উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচীর স্বাস্থ্য কর্মকর্তাগন, সমাজ উন্নয়ন কর্মকর্তা এবং উক্ত ইউনিয়নের যুবগণ।

উক্ত আলোচনা সভায় মোনাখালী ইউনিয়নের যুবদের উদ্যোক্তা হয়ে বাংলাদেশ গড়ার জন্য করণীয় বিষয়ে ২ দিন ব্যাপী মোট ২০০ জন যুবকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী যুব গড়ার উদ্দ্যোগ গ্রহন করা হয়।

মুজিবনগরে ইটভাটা মালিক সমিতির বার্ষিক সভা অনুষ্ঠিত



মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান হয়েছে।
শনিবার ২১ অক্টোবর দুপুরে মুজিবনগর কমপ্লেক্স সূর্যদয় রেষ্ট হাউজ হলরুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আলহাজ আমাম হোসেন মিলু এবং অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল।

অনুষ্ঠান উপজেলা ইটভাটা মালিক সমিতির সাধারন সম্পাদক তসলিমুল ইসলাম সজলের সঞ্চলনায় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির সহসভাপতি ফজলুল হক, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা ইটভাটা মালিক সমিতির যুগ্নসম্পাদক আজিমুল বারী মুকুল, অর্থসম্পাদক মিজানুর রহমান চঞ্চল, হীরা ব্রিক্স্র এর মালিক অ্যাডভকেট রুমুনুজ্জামান রুমুন, ও ভাটা মালিক মশিউর রহমান প্রমুখ।
সভা শেষে প্রীতি মধ্যাহ্ন ভোজ ভোজ অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের ৭ টি মন্দিরে ৩ হাজার শাড়ী উপহার প্রদাণ করলেন এমপি সমি

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে ঝিনাইদহে সনাতন ধর্মাবলম্বীদের মাঝে ৩ হাজার শাড়ী উপহার প্রদাণ করা হয়েছে।

বৃহস্পতিবার রাতে পৌর এলাকার ৭ টি মন্দিরে এ উপহার প্রদাণ করেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজিব আলম সিদ্দিকী সমি।

উপস্থিত ছিলেন আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুল খালেক, জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, সংসদ সদস্যের পিএস রওশন আলী, রোকনুজ্জামান রিপন,সদর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফজলে রাব্বী অনু, কেসি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু সুমন বিশ^◌াস সহ দুর্গা মন্দিরের সভাপতি, সাধারণ সম্পাদক, আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ ও এলাকার গণ্যমাণ্য ব্যাক্তিবর্গ। পৌর এলাকার মন্দির গুলো হলো চাকলাপাড়া, ব্যাপারীপাড়া, আরাপপুর, পবহাটী, কাঠালবাগান, ষাটবাড়ীয়াও হামদহ কালীমন্দির।

এসময় প্রধান অতিথি সংসদ সদস্য তাহজিব আলম সিদ্দিকী সমি বলেন, দেশে বর্তমান সরকারের আমলেই সর্বোচ্চ উন্নয়ন হয়েছে। এই ধারাবাহিকতা বজায় রাখতে আওয়ামীলীগ সরকারের কোন বিকল্প নেই। তাই আগামী নির্বাচনে আবারো শেখ হাসিনার সরকারকে বিপুল ভোটে বিজয়ী করতে সকল সনাতন ধর্মাবলম্বীদের প্রতি আহবান জানান।

সাবেক সাংসদ প্রফেসর আবদুল মান্নানের পক্ষে গণসংযোগ

মেহেরপুর -১ আসনের আওয়ামী লীগের সম্ভাব্য প্রার্থী হিসেবে সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের পক্ষে গণসংযোগ করেছেন তার অনুসারীরা।

জেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক খালেদুজ্জামান খান ডালিমের নেতৃত্বে মুজিবনগর, কেদারগঞ্জ বাজার, শিবপুর, সাহেবপুর, টেংরামারি, ইসলামপুর, যতারপুর, নুরপুর,আমদহসহ বিভিন্ন স্থানে সাধারণ জনগণের সাথে সরকারের জনকল্যাণমুখী বিভিন্ন উন্নয়ন তুলে ধরেন।

গনসংযোগকালে বিভিন্ন স্থানে স্থানীয় ব্যাক্তিবর্গ ও নেতাকর্মীদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

গণসংযোগে মির্জা গালিব উজ্জ্বল, মোঃ সাজেদুর রহমান সাজু , আবু তালহা বীন হাবিব জুয়েল –,আব্বাস উদ্দীন, মোঃ খোকন শেখ, শেখ কায়সার হামিদ বুলবুল, রবিউল ইসলাম, রাজু আহমেদ, ইকবাল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

রেকর্ড গড়া দামে বায়ার্ন মিউনিখে হ্যারি কেইন

অবশেষে ইংলিশ ক্লাব টটেনহ্যাম থেকে বায়ার্ন মিউনিখে যোগ দিয়েছেন হ্যারি কেইন। জার্মান লিগের ১০০ মিলিয়ন ইউরো দিয়ে ইংলিশ এই স্ট্রাইকারকে দলে ভিড়িয়েছে বাভারিয়ানরা। আগেই চুক্তির বিষয়ে সমঝোতা হয়েছিল। শনিবার (১২ আগস্ট) আনুষ্ঠানিক ঘোষণা দেয়

জার্মান ক্লাবটি।

৪ বছরের চুক্তিতে বায়ার্ন মিউনিখে যোগ দিয়েছেন কেইন। ক্লাবটিতে ৯ নম্বর জার্সি গায়ে খেলবেন তিনি। চুক্তির ঘোষণা দিয়ে বায়ার্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও টুইটারে পোস্ট করেছে। সেখানে কেইনের হাতে জার্সি তুলে দিয়েছেন ক্লাব প্রেসিডেন্ট। পোস্টে লিখেছেন, ‘হ্যারি কেইন এখন বায়ার্ন মিউনিখের খেলেয়াড়।’

চুক্তি শেষে এক ভিডিও বার্তায় বায়ার্ন ভক্তদের কেইন বলেছেন, ‘তোমাদের গর্বিত করতে আমি আমার সর্বোচ্চটা দিয়ে চেষ্টা করবো। আশা করছি তোমাদের অনেক সেরা মুহূর্ত দিতে পারবো, যার স্মৃতি হবে অমলিন। এখন থেকে আমি তোমাদের।’

সূত্র: ইত্তেফাক